

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৭৬.২২.০৯ন

তারিখ: ২৯ ফেব্রুয়ারি, ২৪

বিষয় : ব্যাখা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিতে (ইরেসপো) বিগত ১১/০৫/২০২২ খ্রি. তারিখে মাঠ সংগঠক পদে যোগদান করেন এবং ১৮/০৫/২০২২ খ্রি. তারিখ হতে গণ্ডাচড়া উপজেলায় কর্মরত আছেন। সফটওয়্যারে ঋণ কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, যোগদানের পর হতে এই পর্যন্ত ২ বছরে আপনার ক্রমপুঞ্জিত অগ্রগতি হচ্ছে ১১টি পল্লী উন্নয়ন মহিলা সমিতি গঠন, ২৪৩ জন সদস্য ভর্তি, সঞ্চয় আদায় ১২.২৬ লক্ষ টাকা, ঋণ বিতরণ ১১০.৮৫ লক্ষ টাকা ও ঋণ আদায় ১০.৪০ লক্ষ টাকা যা অত্যন্ত হতাশাব্যঞ্জক। তাছাড়া নতুন উপজেলা হওয়া সত্ত্বেও ২৮/০২/২৪ তারিখে আপনার ব্লকে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ০.১১ লক্ষ টাকা এবং কিস্তি খেলাপী ২.৭৩ লক্ষ টাকা। আপনি ইআরডিও'র সাথে যোগসাজশে বাস্তবায়ন নির্দেশিকার বহির্ভূতভাবে সদস্য না সত্ত্বেও সদস্য হিসেবে এন্ট্রি দেয়া, ক্ষুদ্র ঋণ আবেদনকারীর তথ্য উদ্যোক্তা হিসেবে এন্ট্রি প্রদান, অনিয়মতান্ত্রিকভাবে ঋণের সিলিং বৃদ্ধির বিষয়ে সব ধরনের সহযোগিতা এবং মাঠ সংগঠক হিসেবে সকল সদস্যকে চেনেন না বলে প্রতীয়মান হয়েছে। সদস্যদের মাঝে ঋণ বিতরণের সময় সদস্য ভর্তি ফি, ঋণ ফরম ও পাশ-বহি বিক্রয় বাবদ অর্থ আদায় করে সংশ্লিষ্ট হিসাবে জমা করার নির্দেশনা থাকা সত্ত্বেও উক্ত অর্থ আপনার নিকট হস্ত মজুদ রেখেছেন। এছাড়া ইরেসপো প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ২.৪ এর বহির্ভূতভাবে দল গঠন, সদস্য ভর্তি, ঋণ বিতরণ ও ঋণ আদায়ের সাথে জড়িত। তাছাড়া উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক বিভিন্ন সময় ব্যাখা তলব পর্যালোচনা করে দেখা যায়, আপনি ৩ (তিন) মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণে সুফলভোগী সদস্যদের নিকট হতে ৫০ (পঞ্চাশ) টাকা হতে ২০০ (দুইশত) টাকা পর্যন্ত অবৈধভাবে গ্রহণ। বড়বিল দ্বি-মুখী উচ্চ বিদ্যালয় পল্লী উন্নয়ন কিশোরী সংঘের কিশোরী সদস্যদের নিকট হতে সর্বশেষ বিগত ২৯/১১/২০২৩ তারিখে ১০,৬০০/- (দশ হাজার ছয়শত) টাকা সঞ্চয় আদায় করেন এবং এর পর আর কোন সঞ্চয় আদায় করেননি। তাছাড়া হিসাব সহকারী কর্তৃক উক্ত কিশোরী সংঘের সদস্যদের পাশ-বহি যাচাইকালে দেখা যায়, কিশোরীদের জমাকৃত সঞ্চয়ের বিপরীতে ২০২২-২৩ অর্থবছরে সঞ্চয় প্রণোদনার অর্থ এখন পর্যন্ত প্রদান করা হয়নি। মাঠ সংগঠক হিসেবে আপনার এ ধরনের কার্যক্রম দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ সরকারি দায়িত্ব পালনে অনীহার সামিল হিসেবে বিবেচিত হবে।

এমতাবস্থায়, আপনার দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফেলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কর্মসূচি'র চুক্তি ভিত্তিক নিয়োগ পত্রের ২ (ঘ) শর্ত মোতাবেক কেন আপনাকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করা হবে না তার জবাব আগামী ০৬/০৩/২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব নন্দীতা রানী সরকার
মাঠ সংগঠক (ইরেসপো),
বিআরডিবি, গণ্ডাচড়া, রংপুর।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: রংপুর।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, গণ্ডাচড়া, রংপুর।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক (পরিদর্শন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারি, বিআরডিবি, ঢাকা।